গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর
রাজশাহী বিভাগ, রাজশাহী।
http://dls.rajshahidiv.gov.bd

**"আমিষেই শক্তি, আমিষেই মুক্তি"**

**স্মারক নম্বর:** ৩৩.০১.০০০০.০০০.২০৩.২৩.০০১২.২২.১০৮৬

তারিখ: ২০ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০৫ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: **'জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫' উদযাপনের নিমিত্ত অনুষ্ঠিত প্রস্তুতিমূলক কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী জেলা ও উপজেলা পর্যায়ে কার্যক্রম গ্রহণ প্রসংগে।**

সূত্র: প্রাণিসম্পদ অধিদপ্তরের ০৪/১১/২০২৫ খ্রি. তারিখের ৩৩.০১.০০০০.০০০.১১২.২৪.০০০১.২৩.৫৫৪ সংখ্যক পত্র।

বর্ণিত বিষয় ও সূত্রস্থ পত্রসহ সংযুক্ত পত্রসমূহের নির্দেশনা অনুযায়ী **'জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫'** উদযাপনের নিমিত্ত আপনার জেলা ও উপজেলা পর্যায়ে আগামী ২৬ নভেম্বর,২০২৫ খ্রি. হতে ২রা ডিসেম্বর ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত ০৭ (সাত) দিনব্যাপী বর্ণিত কর্মসূচি বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
সংযুক্তি : বর্ণনামতে-০৯(নয়) পাতা।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ-২০২৫ উদযাপন বিষয়ে কার্যক্রম গ্রহণ সংক্রান্ত

০৫-১১-২০২৫
ডাঃ আনন্দ কুমার অধিকারী
পরিচালক

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট । আপনার নিয়ন্ত্রাধীন দপ্তর সমূহকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো ।।

**স্মারক নম্বর:** ৩৩.০১.০০০০.০০০.২০৩.২৩.০০১২.২২.১০৮৬/১ (৩)

তারিখ: ২০ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০৫ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। মহাপরিচালক (ভারপ্রাপ্ত), মহাপরিচালকের দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর।
২। পরিচালক, সম্প্রসারণ, সম্প্রসারণ শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর।
৩। দপ্তর নথি।

০৫-১১-২০২৫
ডাঃ আনন্দ কুমার অধিকারী
পরিচালক

বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর
রাজশাহী বিভাগ, রাজশাহী

"আমিষেই শক্তি, আমিষেই মুক্তি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

**স্মারক নম্বর:** ৩৩.০১.০০০০.০০০.১১২.২৪.০০০১.২৩.৫৫৪

তারিখ: ১৯ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০৪ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: 'জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ-২০২৫' উদযাপনের নিমিত্ত অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী কেন্দ্রীয়, বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে কার্যক্রম গ্রহন প্রসংগে।**

সূত্র: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ৩০ অক্টোবর ২০২৫ খ্রিঃ তারিখের নং-৩৩.০০.০০০০.০০০.১১৮.২৩.০০৩৬.২৫.৫৫৯ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ-২০২৫' উদযাপনের নিমিত্ত মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা মহোদয়ের সভাপতিত্বে গত ২৩ অক্টোবর ২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় কেন্দ্রীয়, বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে আগামী ২৬ নভেম্বর, ২০২৫ খ্রিঃ হতে ২রা ডিসেম্বর ২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত ৭ (সাত) দিনব্যাপী কর্মসূচি গ্রহন করার সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

এমতাবস্থায়, বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে আগামী ২৬ নভেম্বর, ২০২৫ খ্রিঃ হতে ২রা ডিসেম্বর ২০২৫ খ্রিঃ পর্যন্ত ৭ (সাত) দিনব্যাপী স্থানীয় জাত, বাণিজ্যিক জাত, উচ্চ ফলনশীল জাত, পোষা প্রাণী, পাখি, প্রসেসিং ইউনিট (দুধ, মাংস), ফুড ফেস্টিভ্যাল, খামার যান্ত্রিকীকরণ, পশুখাদ্য ও ঔষধ, ভ্যাক্সিনেশন ও প্রাণীর মেডিক্যাল ক্যাম্প অন্তর্ভুক্তকরণসহ অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করার জন্য অনুরোধ করা হলো।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) ২৩ অক্টোবর ২০২৫ খ্রিঃ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী
(২) জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫ এর কর্মসূচী

০৪-১১-২০২৫
ড. মোঃ আবু সুফিয়ান
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর (সকল)।
২। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জেলা প্রাণিসম্পদ দপ্তর (সকল)।
৩। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর (সকল)।

**স্মারক নম্বর:** ৩৩.০১.০০০০.০০০.১১২.২৪.০০০১.২৩.৫৫৪/১ (১)

তারিখ: ১৯ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০৪ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

০৪-১১-২০২৫
ড. মোঃ আবু সুফিয়ান
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

**আমিষেই শক্তি, আমিষেই মুক্তি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-২ শাখা
www.mofl.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.০০০.১১৮.২৩.০০৩৬.২৫.৫৫৯

তারিখ: ১৪ কার্তিক ১৪৩২ / ৩০ অক্টোবর ২০২৫

**বিষয়: 'জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫' উদ্‌যাপনের নিমিত্ত অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫' উদ্‌যাপনের নিমিত্ত মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টার সভাপতিত্বে গত ২৩ অক্টোবর ২০২৫ তারিখ বিকাল ০৩:০০ টায় একটি প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

**সংযুক্তি:**
(ক) কার্যবিবরণীর ছায়ালিপি;
(খ) জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫ উদ্‌যাপনের কর্মসূচি;

৩০/১০/২০২৫
(মোহাম্মদ কামাল হোসেন)
উপসচিব
টেলিফোন: ২২২৩৩৫৬৬৯৮
ইমেইল: livestock-2@mofl.gov.bd

**বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১। অতিরিক্ত সচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
২। মহাপরিচালক (ভারপ্রাপ্ত), প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
৩। মহাপরিচালক (সাময়িক দায়িত্ব), বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
৪। যুগ্মসচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৫। পরিচালক (সকল), প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
৬। প্রকল্প পরিচালক, প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
৭। উপপরিচালক (প্রশাসন/প্রাণীস্বাস্থ্য/এইচআর), প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
৮। উপপরিচালক (খামার), প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা (সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ নিশ্চিতকরণের অনুরোধসহ)।
৯। সভাপতি/ সচিব, বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাস্ট্রিজ সেন্ট্রাল কাউন্সিল (বিপিআইসিসি), ঢাকা।
১০। সভাপতি/সাধারন সম্পাদক, ওয়ার্ল্ডস পোল্ট্রি সায়েন্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ওয়াপসা-বিবি), ঢাকা।
১১। সভাপতি/সাধারন সম্পাদক, ব্রিডার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (বিএবি), ঢাকা।
১২। সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ ডেইরি এন্ড ফ্যাটেনিং ফারমার্স অ্যাসোসিয়েশন (বিডিএফএফএ), ঢাকা।
১৩। সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশন (বিপিআইএ), ঢাকা।
১৪। সভাপতি/মহাসচিব, এ্যানিমেল হেল্থ কোম্পানিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (আহকাব), ঢাকা।
১৫। সভাপতি/সাধারন সম্পাদক, ফিড ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (ফিআব), ঢাকা।
১৬। সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ এগ্রো ফিড ইমপোর্টারস এন্ড ট্রেডিং এসোসিয়েশন (বাফিটা), ঢাকা।
১৭। সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ গোট এন্ড শীপ ফারমার্স এসোসিয়েশন (বিজিএসএফএ), ঢাকা।
১৮। সাধারন সম্পাদক, বাংলাদেশ ডেইরি ডেভেলপমেন্ট ফোরাম (বিডিডিএফ), ঢাকা।
১৯। সভাপতি/সাধারন সম্পাদক, হালাল মিট প্রোসেসিং ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশন অব বাংলাদেশ, ঢাকা।
২০। ডিজিএম, বেঙ্গল মিট, ঢাকা।

অ: পৃ: দ্র:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-২ শাখা
www.mofl.gov.bd

**'জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫' উদ্‌যাপনের জন্য প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি: | ফরিদা আখতার<br>উপদেষ্টা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। |
| তারিখ: | ২৩ অক্টোবর ২০২৫ |
| সময়: | বিকেল ০৩:০০ ঘটিকা |
| সভার স্থান: | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |

**সভার উপস্থিতি পরিশিষ্ট 'ক' সংযুক্ত করা হলো:**

সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি প্রাণিসম্পদ সপ্তাহকে 'জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ' হিসেবে স্বীকৃতি প্রদান এবং প্রতি বছর নভেম্বর মাসের তৃতীয় সপ্তাহে পালনের অনুমতি প্রদান করায় মন্ত্রিপরিষদ বিভাগসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। দেশীয় জাত সংরক্ষণ ও উন্নয়ন, আধুনিক তথ্য ও প্রযুক্তির ব্যবহার, রোগ প্রতিরোধ, প্রাণীর স্বাস্থ্য ব্যবস্থাপনা, সরকারের বিভিন্ন বিভাগের প্রদত্ত সেবা, গবেষণালব্ধ ফলাফল এবং সমস্যা ও সম্ভাবনার বিষয়ে খামারি ও উদ্যোক্তাদের সচেতন করার জন্য প্রথমবারের মতো 'জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ' উদ্‌যাপন হতে যাচ্ছে। তিনি 'জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ' উদ্‌যাপনের জন্য একটি উপযুক্ত প্রতিপাদ্য নির্ধারণ এবং এর আলোকে দেশব্যাপী সরকারি ও বেসরকারি যৌথ অংশগ্রহণে প্রাণিসম্পদ প্রদর্শনীর পাশাপাশি প্রাণী ও প্রাণিজাত পণ্যের মাধ্যমে উৎপাদিত Food Festival আয়োজনে সকলের সহযোগিতা কামনা করেন। কেন্দ্রীয় প্রদর্শনীতে প্রাণিসম্পদ সংশ্লিষ্ট অংশীজনের অংশগ্রহণে Popular Seminar/আলোচনা সভার আয়োজন করা এবং এ সেক্টরের সেবার সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে আমন্ত্রণের অভিপ্রায় ব্যক্ত করেন। তিনি একটি ফলপ্রসূ জাতীয় সপ্তাহ উদ্‌যাপনের বিস্তারিত কর্মসূচি ও ইভেন্ট নির্ধারণের বিষয়ে উপস্থিত সুধীজনের মতামত আহবান করেন।

২.০। ড. মোঃ আবু সুফিয়ান, মহাপরিচালক (ভারপ্রাপ্ত), প্রাণিসম্পদ অধিদপ্তর মন্ত্রণালয়ের প্রচেষ্টায় 'জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ' হিসেবে স্বীকৃতি প্রদানের বিষয়ে স্বল্পতম সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ হতে পরিপত্র জারি হওয়ায় মন্ত্রণালয়ের প্রতি কৃতজ্ঞতা প্রকাশসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি 'জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫' উদ্‌যাপনের জন্য প্রস্তাবিত কেন্দ্রীয়, জেলা ও উপজেলা পর্যায়ের কর্মসূচি, উদ্দেশ্য, প্রতিপাদ্য, পদক প্রদান বিষয়ক উপস্থাপনা সভায় তুলে ধরেন।

৪.০। **সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

(১) আগামী ২৬ নভেম্বর, ২০২৫ বাংলাদেশ চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে 'জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫' এর আনুষ্ঠানিক উদ্বোধনী ও পদক বিতরণ অনুষ্ঠান আয়োজন করতে হবে।

(২) আগামী ২৬-২৮ নভেম্বর, ২০২৫ পর্যন্ত ০৩ (তিন) দিন ব্যাপী বাংলাদেশ চীন মৈত্রী সম্মেলন কেন্দ্র সংলগ্ন পুরাতন বাণিজ্য মেলার মাঠে 'জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫' এর প্রাণী প্রদর্শনী, ফুড ফেস্টিভ্যাল ও আলোচনা সভার আয়োজন করতে হবে।

(৩) দিবসের প্রতিপাদ্য: **"দেশীয় জাত, আধুনিক প্রযুক্তি: প্রাণিসম্পদে হবে উন্নতি"**

(৪) পরিশিষ্ট-খ তে উল্লিখিত কর্মসূচি অনুযায়ী 'জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫' উদ্‌যাপন করতে হবে।

(৫) কেন্দ্রীয়, জেলা ও উপজেলা পর্যায়ের বিস্তারিত কর্মসূচি ও ইভেন্টসমূহে স্থানীয় জাত, বাণিজ্যিক জাত, উচ্চ ফলনশীল জাত, পোষা প্রাণী, পাখি, প্রসেসিং ইউনিট (দুধ, মাংস), ফুড ফেস্টিভ্যাল, খামার যান্ত্রিকীকরণ, পশুখাদ্য ও ঔষধ, ভ্যাক্সিনেশন ও প্রাণীর মেডিক্যাল ক্যাম্প অন্তর্ভুক্ত করতে হবে।

(৬) প্রাণিসম্পদ সপ্তাহ উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত পপুলার সেমিনার/আলোচনা সভায় প্রাইভেট সেক্টরের উদোক্তাগণ খাতভিত্তিক মূল প্রবন্ধ উপস্থাপন করবেন। প্রাণিসম্পদ সেক্টরের উদ্যোক্তা ও খামারিদের সেবা প্রদানের সাথে সংশ্লিষ্ট (BIDA, BSTI, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, পরিবেশ অধিদপ্তর, SME Foundation, বাণিজ্য মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বিদ্যুৎ বিভাগ, শিল্প মন্ত্রণালয় এবং সরকারি ও বেসরকারি ব্যাংক) সরকারি দপ্তরসমূহকে সেমিনার/আলোচনায় সভায় উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানাতে হবে।

(৭) প্রাণিসম্পদ সেক্টর সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠান এবং সফটওয়্যার/অটোমেশনের জন্য BUET সহ এ সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়কে আমন্ত্রণ জানাতে হবে।

(৮) প্রাণী ও প্রাণিজাত পণ্যের মাধ্যমে উৎপাদিত Food Festival এর আয়োজন করতে হবে।

(৯) মেলায় প্রদর্শনের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রাণিসম্পদ কর্মকর্তা কর্তৃক বিবেচিত প্রাণীগুলোর স্বাস্থ্য পরীক্ষা করতে হবে।

(১০) বিভাগীয় শহরের ০৮ টি জেলার আয়োজিত অনুষ্ঠানে বিভাগীয় কমিশনারসহ বিভাগীয় পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে আমন্ত্রণ জানাতে হবে।

(১১) 'জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫' এর জেলা ও উপজেলা পর্যায়ে কর্মসূচির বিষয়ে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা তথ্য অফিসারকে অনুরোধ করতে হবে।

৫.০। সভাপতি সমাপনী বক্তব্যে বলেন, সকলের মূল্যবান মতামত, সুচিন্তিত পরামর্শ এবং কার্যকর অংশগ্রহণের মধ্য দিয়ে 'জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫' উদ্‌যাপনের কর্মসূচি প্রণয়ন করা সম্ভব হয়েছে। প্রাণিসম্পদ খাতের সম্ভাবনাকে জনগণের সামনে তুলে ধরার জন্য এ খাত সংশ্লিষ্ট অংশীজন বিশেষ করে তরুণ/নারী উদ্যোক্তাদের সম্পৃক্ত করার যথাযথ উদ্যোগ গ্রহণ করা আবশ্যক। সপ্তাহ ব্যাপী উদ্‌যাপিত কর্মসূচিসমূহের মধ্যে কেন্দ্রীয়/জেলা/উপজেলার প্রতি ক্ষেত্রেই প্রদর্শনীকে অগ্রাধিকার দেয়ার বিষয়ে গুরুত্বারোপ করেন। জাতীয় এ কর্মসূচির সফলতা মাঠ পর্যায় থেকে কেন্দ্রীয় পর্যায়ের সকল স্তরের সমন্বিত ও আন্তরিক প্রচেষ্টার উপর নির্ভর করবে।

৬.০। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯.১০.২৫

**(ফরিদা আখতার)**
উপদেষ্টা
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

পরিশিষ্ট-খ

## 'জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫' উদ্‌যাপনের কর্মসূচি:

### কেন্দ্রীয় পর্যায়:

| দিন ও তারিখ | সময় | কার্যক্রম | স্থান | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ম দিন<br>২৬ নভেম্বর<br>২০২৫<br>বুধবার | সকাল ১০:০০-<br>দুপুর ১২:০০ টা | ক) 'জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫' এর আনুষ্ঠানিক শুভ উদ্বোধন<br>খ) 'জাতীয় প্রাণিসম্পদ পদক ২০২৫' বিতরণ | বাংলাদেশ চীন মৈত্রী সম্মেলন কেন্দ্র | ক) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়<br>খ) প্রাণিসম্পদ অধিদপ্তর |
| | দুপুর ১২:০০-<br>রাত ৮:০০ টা | প্রাণিসম্পদ প্রদর্শনী | পুরাতন বাণিজ্য মেলা প্রাঙ্গন | প্রাণিসম্পদ সংশ্লিষ্ট অংশীজন |
| | | ফুড ফেস্টিভ্যাল | পুরাতন বাণিজ্য মেলা প্রাঙ্গন | সংশ্লিষ্ট অংশীজন |
| | সুবিধাজনক সময়ে | বাংলাদেশ টেলিভিশনে আলোচনা অনুষ্ঠান (টক শো) | বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা। | ক) প্রাণিসম্পদ অধিদপ্তর<br>খ) মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর |
| ২য় দিন<br>২৭ নভেম্বর<br>২০২৫<br>বৃহস্পতিবার | সকাল: ৮:৩০ টা | সড়ক র‍্যালি | মানিক মিয়া এভিনিউ (দক্ষিণ প্লাজা) হতে বাংলাদেশ চীন মৈত্রী সম্মেলন কেন্দ্র পর্যন্ত | ক) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়<br>খ) প্রাণিসম্পদ অধিদপ্তর<br>গ) প্রাণিসম্পদ সংশ্লিষ্ট অংশীজন |
| | সকাল ৯:৩০-<br>বিকেল ৪:০০ টা | প্রাণিসম্পদ সংশ্লিষ্ট অংশীজনের সমন্বয়ে প্রাণিসম্পদ খাত সম্পর্কিত সমস্যা, সম্ভাবনা ও করণীয় শীর্ষক পপুলার সেমিনার/আলোচনা সভা আয়োজন | পুরাতন বাণিজ্য মেলা প্রাঙ্গন (সেমিনার হল) | ক) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়<br>খ) প্রাণিসম্পদ অধিদপ্তর<br>গ) প্রাণিসম্পদ সংশ্লিষ্ট অংশীজন |
| | | প্রাণিসম্পদ প্রদর্শনী | পুরাতন বাণিজ্য মেলা প্রাঙ্গন | প্রাণিসম্পদ সংশ্লিষ্ট অংশীজন |
| | | ফুড ফেস্টিভ্যাল/ রেসিপি প্রতিযোগিতা | পুরাতন বাণিজ্য মেলা প্রাঙ্গন | সংশ্লিষ্ট অংশীজন |
| | সুবিধাজনক সময়ে | বেসরকারী টেলিভিশনে আলোচনা অনুষ্ঠান (টক শো) | ঢাকা | ক) প্রাণিসম্পদ অধিদপ্তর<br>খ) মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর। |
| ৩য় দিন<br>২৮ নভেম্বর<br>২০২৫<br>শুক্রবার | সকাল ৯:০০-<br>০৪:০০ টা | প্রাণিসম্পদ অধিদপ্তর / বিএলআরআই কর্তৃক গবেষণা ও প্রযুক্তি হস্তান্তর বিষয়ক পপুলার সেমিনার/আলোচনা সভা | পুরাতন বাণিজ্য মেলা প্রাঙ্গন (সেমিনার হল) | ক) প্রাণিসম্পদ অধিদপ্তর<br>খ) বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট<br>গ) সংশ্লিষ্ট অংশীজন |
| | | প্রদর্শনী | পুরাতন বাণিজ্য মেলা প্রাঙ্গন | |
| | | ফুড ফেস্টিভ্যাল | পুরাতন বাণিজ্য মেলা প্রাঙ্গন | |

| দিন ও তারিখ | সময় | কার্যক্রম | স্থান | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | বিকেল ৩:০০ টা | 'জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫' এর প্রদর্শনীর পুরস্কার বিতরণ এবং সমাপনী | পুরাতন বাণিজ্য মেলা প্রাঙ্গন (সেমিনার হল) | ক) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়<br>খ) প্রাণিসম্পদ অধিদপ্তর |
| ৪র্থ দিন ২৯ নভেম্বর ২০২৫ শনিবার | সকাল ১০:০০ টা | আলোচনা সভা (প্রাণীজ পণ্যের বহুমুখীকরণ ও রপ্তানী বৃদ্ধিতে সম্ভাবনা ও করনীয় শীর্ষক আলোচনা সভা) | সম্মেলন কক্ষ, মৃত্তিকা ভবন, খামার বাড়ী, ঢাকা | প্রাণিসম্পদ অধিদপ্তর |
| ৫ম দিন ৩০ নভেম্বর ২০২৫ রবিবার | সকাল ৯:০০ টা | বিভিন্ন স্কুল, কলেজ, মাদ্রাসায় স্কুল ফিডিং কর্মসূচি | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, ঢাকা মহানগর | এলডিডিপি, প্রাণিসম্পদ অধিদপ্তর |
| | দিনব্যাপী | প্রাণিসম্পদ সংশ্লিষ্ট ভ্রাম্যমাণ প্রচার প্রচারণা | ঢাকা মহানগর | ক) প্রাণিসম্পদ অধিদপ্তর<br>খ) মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর |
| ৬ষ্ট দিন ১ ডিসেম্বর ২০২৫ সোমবার | সকাল ১০:০০ টা | প্রাণিসম্পদ সংশ্লিষ্ট অংশীজনদের (তরুন/ নারী উদ্যোক্তা) সমন্বয়ে মতবিনিময় সভা | সম্মেলন কক্ষ, মৃত্তিকা ভবন, খামার বাড়ী, ঢাকা | প্রাণিসম্পদ অধিদপ্তর |
| ৭ম দিন ২ ডিসেম্বর ২০২৫ মঙ্গলবার। | সকাল ১০:০০ টা | ক) 'জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫' এর সমাপনী অনুষ্ঠান<br>খ) সাংস্কৃতিক অনুষ্ঠান | কৃষিবিদ ইন্সটিটিউশন, খামার বাড়ী, ঢাকা | ক) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়<br>খ) প্রাণিসম্পদ অধিদপ্তর |

## জেলা ও উপজেলা পর্যায়:

| দিন ও তারিখ | কার্যক্রম | স্থান | বাস্তবায়ন |
|---|---|---|---|
| **১ম দিন**<br>২৬ নভেম্বর ২০২৫ বুধবার | ক) সড়ক র‍্যালী, উদ্বোধন ও আলোচনা সভা<br>খ) প্রাণিসম্পদ প্রদর্শনী ( জেলা পর্যায়ে) | জেলা/ উপজেলা (সকল) | ১) জেলা প্রশাসক<br>২) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/জেলা ভেটেরিনারি অফিসার/ উপপরিচালক জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র/ জেলা প্রশিক্ষণ অফিসার<br>৩) উপজেলা নির্বাহী কর্মকর্তা<br>৪) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| **২য় দিন**<br>২৭ নভেম্বর ২০২৫ বৃহস্পতিবার | ক) গবাদিপশু, হাঁসমুরগীর ফ্রি ভ্যাকসিনেশন ক্যাম্প<br>খ) বিনামুল্যে গবাদিপশু, হাঁসমুরগীর কৃমিনাশক বিতরণ | জেলা/ উপজেলা (সকল) | ১) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/জেলা ভেটেরিনারি অফিসার/ উপপরিচালক জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র/জেলা প্রশিক্ষণ অফিসার<br>২) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |

| দিন ও তারিখ | কার্যক্রম | স্থান | বাস্তবায়ন |
|---|---|---|---|
| **৩য় দিন**<br>২৮ নভেম্বর ২০২৫, শুক্রবার | প্রাণিসম্পদ সংশ্লিষ্ট ভ্রাম্যমাণ প্রচার প্রচারণা | জেলা/ উপজেলা (সকল) | ১) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/জেলা ভেটেরিনারি অফিসার/ উপপরিচালক জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র/জেলা প্রশিক্ষণ অফিসার/জেলা তথ্য অফিসার<br>২) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| **৪র্থ দিন**<br>২৯ নভেম্বর ২০২৫ শনিবার | কৃত্রিম প্রজনন সেবা ও ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প | জেলা/ উপজেলা (সকল) | ১) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/জেলা ভেটেরিনারি অফিসার/ উপপরিচালক জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র/জেলা প্রশিক্ষণ অফিসার<br>২) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| **৫ম দিন**<br>৩০ নভেম্বর ২০২৫ রবিবার | ক) বিভিন্ন স্কুল, কলেজ, মাদ্রাসায় স্কুল ফিডিং কর্মসূচী ও আলোচনা সভা<br>খ) চিত্রাংকন ও কুইজ প্রতিযোগিতা | জেলা/ উপজেলা (সকল) | ১) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/জেলা ভেটেরিনারি অফিসার/ উপপরিচালক জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র/জেলা প্রশিক্ষণ অফিসার<br>২) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| **৬ষ্ঠ দিন**<br>১ ডিসেম্বর ২০২৫ সোমবার | প্রাণিসম্পদের টেকসই উন্নয়নে তরুন/নারী উদ্যোক্তা ও সংশ্লিষ্ট অংশীজনদের ভাবনা শীর্ষক মতবিনিময় সভা | জেলা/ উপজেলা (সকল) | ১) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/জেলা ভেটেরিনারি অফিসার/ উপপরিচালক জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র/জেলা প্রশিক্ষণ অফিসার<br>২) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| **৭ম দিন**<br>২ ডিসেম্বর ২০২৫ মঙ্গলবার | সকাল ১০:০০ টা | ক)' জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫' এর সমাপনী অনুষ্ঠান<br>খ) সাংস্কৃতিক অনুষ্ঠান | ১) জেলা প্রশাসক<br>২) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/জেলা ভেটেরিনারি অফিসার/ উপপরিচালক জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র/জেলা প্রশিক্ষণ অফিসার।<br>৩) উপজেলা নির্বাহী কর্মকর্তা<br>৪) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |

| দিন ও তারিখ | কার্যক্রম | স্থান | বাস্তবায়ন |
|---|---|---|---|
| **৩য় দিন**<br>২৮ নভেম্বর ২০২৫, শুক্রবার | প্রাণিসম্পদ সংশ্লিষ্ট ভ্রাম্যমাণ প্রচার প্রচারণা | জেলা/ উপজেলা (সকল) | ১) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/জেলা ভেটেরিনারি অফিসার/ উপপরিচালক জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র/জেলা প্রশিক্ষণ অফিসার/জেলা তথ্য অফিসার<br>২) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| **৪র্থ দিন**<br>২৯ নভেম্বর ২০২৫ শনিবার | কৃত্রিম প্রজনন সেবা ও ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প | জেলা/ উপজেলা (সকল) | ১) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/জেলা ভেটেরিনারি অফিসার/ উপপরিচালক জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র/জেলা প্রশিক্ষণ অফিসার<br>২) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| **৫ম দিন**<br>৩০ নভেম্বর ২০২৫ রবিবার | ক) বিভিন্ন স্কুল, কলেজ, মাদ্রাসায় স্কুল ফিডিং কর্মসূচী ও আলোচনা সভা<br>খ) চিত্রাংকন ও কুইজ প্রতিযোগিতা | জেলা/ উপজেলা (সকল) | ১) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/জেলা ভেটেরিনারি অফিসার/ উপপরিচালক জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র/জেলা প্রশিক্ষণ অফিসার<br>২) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| **৬ষ্ঠ দিন**<br>১ ডিসেম্বর ২০২৫ সোমবার | প্রাণিসম্পদের টেকসই উন্নয়নে তরুন/নারী উদ্যোক্তা ও সংশ্লিষ্ট অংশীজনদের ভাবনা শীর্ষক মতবিনিময় সভা | জেলা/ উপজেলা (সকল) | ১) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/জেলা ভেটেরিনারি অফিসার/ উপপরিচালক জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র/জেলা প্রশিক্ষণ অফিসার<br>২) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| **৭ম দিন**<br>২ ডিসেম্বর ২০২৫ মঙ্গলবার | সকাল ১০:০০ টা | ক)' জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫' এর সমাপনী অনুষ্ঠান<br>খ) সাংস্কৃতিক অনুষ্ঠান | ১) জেলা প্রশাসক<br>২) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/জেলা ভেটেরিনারি অফিসার/ উপপরিচালক জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র/জেলা প্রশিক্ষণ অফিসার।<br>৩) উপজেলা নির্বাহী কর্মকর্তা<br>৪) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |